গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার ঢাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

নথি নং- ১৫.৫৩.০০০০.০০০.১০১.০৬.০০০২.২৫. ৩৩৫৬ তারিখ: ৩০/১২/২৫

## নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বেতার ঢাকা কেন্দ্রের অকেজো ঘোষিত নিলামযোগ্য বাদ্যযন্ত্র নিলামে মাধ্যমে বিক্রয় করা হবে। বাংলাদেশের প্রকৃত নাগরিক, আগ্রহী ক্রেতাদের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। আগামী ০৭/০১/২০২৬ তারিখ বুধবার বেলা ২:০০ ঘটিকা পর্যন্ত খামে বন্ধ অবস্থায় নির্ধারিত মূল্য তালিকা পুরণপূর্বক দরপত্র গ্রহণ করা হবে। নিম্নবর্নিত বাদ্যযন্ত্র শর্তসাপেক্ষে নিলাম অনুষ্ঠিত হবে।

| ক্রমিক নং | বাদ্যযন্ত্রের নাম | নিলামযোগ্য সংখ্যা |
|---|---|---|
| ১ | হারমোনিয়াম | ১ টি |
| ২ | অ্যাকুয়িস্টিক গীটার | ৩ টি |
| ৩ | দোতারা | ৩ টা |
| ৪ | তবলা (ডাহিনা) | ১ টি |
| ৫ | ঢোলক | ৬ টি |
| ৬ | সেতার | ৭ টি |
| ৭ | এস্রাজ | ১ টি |
| ৮ | বেহালা | ১ টি |
| ৯ | ম্যান্ডোলিন | ৩ টি |
| ১০ | এ্যাকোর্ডিয়ান (বক্সসহ) | ২ টি |
| ১১ | তানপুরা | ৪ টি |
| ১২ | শ্রী খোল | ২ টি |
| ১৩ | একতারা | ২ টি |
| ১৪ | ভাইব্রোফোন | ১ টি |
| ১৫ | পাখোয়াজ | ২ টি |
| | মোট সংখ্যা | ৩৯টি |

২। শর্তাবলী:

ক। নিলামে অংশগ্রহণে ইচ্ছুক প্রত্যেক বাংলাদেশি নাগরিক, ক্রেতাগণকে দপ্তরের প্রবেশ পাশ সংগ্রহ করে আগামী ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখ বুধবার বেলা ১০:০০ ঘটিকা থেকে ০৭ জানুয়ারী ২০২৬ খ্রি. তারিখ বুধবার দুপুর ২:০০ ঘটিকা পর্যন্ত জাতীয় বেতার ভবনের অডিটোরিয়ামের পাশের কক্ষে সংরক্ষিত মালামালসমূহ দেখতে পারবেন। আগামী ০৭ জানুয়ারী ২০২৫ তারিখ বুধবার বিকেল ৩:০০ ঘটিকায় প্রকাশ্য নিলাম অনুষ্ঠিত এবং সর্বোচ্চ দরদাতা ঘোষণা করা হবে।

খ। সরবরাহকৃত মূল্য তালিকা পুরণপূর্বক ভোটার আইডিসহ আগ্রহী ক্রিতাগণ ২০০০/-(দুই হাজার) টাকা জমা দিয়ে তালিকাভুক্ত হয়ে দরপত্র জমা দিবেন।

২৯/১২/২৫ ২৯.১২.২৫

গ। নিলামে অংশগ্রহণকারী ক্রেতাগণ প্রদত্ত নির্ধারিত ফর্মে দরপত্র জমা দিবেন।

ঘ। নিলাম ডাক শেষে সর্বোচ্চ ডাককারী বাদে অন্যদের জমাকৃত টাকা তাৎক্ষণিক ফেরত প্রদান করা হবে।

ঙ। সর্বোচ্চ দরদাতা নিলাম ডাকের মোট মূল্য থেকে তাঁর জমাকৃত ২০০০/-(দুই হাজার) টাকা বাদ দিয়ে অবশিষ্ট টাকা তাৎক্ষণিক পরিশোধ করে মালামাল বুঝে নিবেন এবং তাৎক্ষনিক বা সর্বোচ্চ ১ দিনের মধ্যেই গেইট পাশ সংগ্রহ করে মালামাল দপ্তরের বাইরে নিয়ে যাবেন।

চ। সর্বোচ্চ প্রথম দরদাতা উদ্বৃত দরের অর্থ তাৎক্ষনিক পরিশোধের ব্যর্থ হলে তার জামানত বাজেয়াপ্ত হবে এবং ২য় বা পরবর্তী সর্বোচ্চ দরদাতাকে মূল্য পরিশোধের আহবান করা হবে।

ছ। নিলাম মূল্যের অতিরিক্ত ১৫% ভ্যাট ও ৫% হারে আয়কর পৃথকভাবে পরিশোধ করতে হবে।

জ। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম ডাক গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

ঝ। নিলামে অংশগ্রহণ ইচ্ছুক প্রতিষ্ঠান/ব্যক্তি বিস্তারিত তথ্য জানার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিস যোগাযোগ করতে পারেন।

২১.১২.২০

(প্রেম গোপাল হালদার)
আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ বেতার ঢাকা
পরিচালকের পক্ষে।
ফোনঃ ০২-৪৪৮১৩২০৩

বিতরণ:

১। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। অতিরিক্ত মহাপরিচারক (অনুষ্ঠান),বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩। নোটিশ বোর্ড, সদর দপ্তর, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
৪। নোটিশ বোর্ড, প্রধান প্রকৌশলীর দপ্তর, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
৫। নোটিশ বোর্ড, পরিচালক কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, ঢাকা।
৬। নোটিশ বোর্ড, সিনিয়র প্রকৌশলীর দপ্তর, জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা
৭। নোটিশ বোর্ড, বাংলাদেশ বেতার ঢাকা, শেরে বাংলানগর, আগারগাঁও, ঢাকা।
৮। ওয়েবসাইট, বাংলাদেশ বেতার ঢাকা www.dhaka.betar.gov.bd
৯। নথি।